ধ্রুপদী সাহিত্যের অন্যতম প্রধান বৈশিষ্ট্য হলো এর নৈতিক ও মানবিক শিক্ষা। রামায়ণে কর্তব্যপরায়ণতা, মহাভারতে ধর্ম ও ন্যায়ের আদর্শ, উপনিষদে আত্মজ্ঞান এবং পঞ্চতন্ত্রে জীবনের বাস্তব শিক্ষা মানুষের চরিত্র গঠনে সহায়ক। বর্তমান সমাজে যখন স্বার্থপরতা, অসহিষ্ণুতা এবং নৈতিক

অবক্ষয়ের প্রবণতা দেখা যাচ্ছে, তখন ধ্রুপদী সাহিত্য শিক্ষার্থীদের মধ্যে সত্য, ন্যায়, করুণা, সহমর্মিতা এবং দায়িত্ববোধ জাগ্রত করতে পারে।

**চিন্তাশক্তি ও মননের বিকাশ:**

ধ্রুপদী সাহিত্য শুধু আবেগের বিষয় নয়; এটি গভীর চিন্তা ও দর্শনের জগৎ। উপনিষদের দার্শনিক আলোচনা, মহাভারতের নৈতিক সংকট কিংবা কালিদাসের প্রকৃতি ও মানবজীবন সম্পর্কিত ভাবনা শিক্ষার্থীদের চিন্তার পরিসরকে প্রসারিত করে। তারা যুক্তি, বিশ্লেষণ এবং সমালোচনামূলক দৃষ্টিভঙ্গির চর্চা করতে শেখে। এই গুণাবলি উচ্চশিক্ষা ও গবেষণার ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ।

**ভারতীয় জ্ঞান-ঐতিহ্যের পরিচয় :**

ভারতবর্ষ প্রাচীনকাল থেকেই জ্ঞান ও শিক্ষার এক গুরুত্বপূর্ণ কেন্দ্র। ধ্রুপদী সাহিত্যের মাধ্যমে শিক্ষার্থীরা ভারতীয় দর্শন, রাষ্ট্রনীতি, চিকিৎসাবিজ্ঞান, গণিত, জ্যোতির্বিজ্ঞান এবং নীতিশাস্ত্রের সঙ্গে পরিচিত হয়। কৌটিল্যের অর্থশাস্ত্র, চরকের চিকিৎসাবিজ্ঞান বা আর্যভট্টের জ্যোতির্বিজ্ঞান ভারতীয় মনীষার উজ্জ্বল নিদর্শন। এই ঐতিহ্য সম্পর্কে জ্ঞান শিক্ষার্থীদের আত্মবিশ্বাস বৃদ্ধি করে এবং নিজেদের সংস্কৃতির প্রতি গর্ববোধ জাগিয়ে তোলে।

**সৃজনশীলতা ও নান্দনিক বোধের বিকাশ :**

ধ্রুপদী সাহিত্য কল্পনা, সৌন্দর্যবোধ এবং সৃজনশীলতার এক অনন্য উৎস। কালিদাসের কাব্যে প্রকৃতির মনোরম বর্ণনা, ভাসের নাটকে নাট্যরসের বৈচিত্র্য কিংবা বৈষ্ণব পদাবলির ভক্তিমূলক প্রেম শিক্ষার্থীদের নান্দনিক অনুভূতিকে সমৃদ্ধ করে। সাহিত্য, সংগীত, নাটক এবং অন্যান্য শিল্পকলার প্রতি আগ্রহ সৃষ্টিতেও ধ্রুপদী সাহিত্য গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

**ইতিহাস ও সমাজচেতনার বিকাশ :**

ধ্রুপদী সাহিত্য একটি যুগের সামাজিক ও সাংস্কৃতিক ইতিহাসের প্রতিচ্ছবি। বিভিন্ন সাহিত্যকর্মের মাধ্যমে সেই সময়ের সমাজব্যবস্থা, ধর্মীয় বিশ্বাস, রাজনৈতিক পরিস্থিতি এবং মানুষের জীবনযাত্রা সম্পর্কে জানা যায়। ফলে শিক্ষার্থীরা ইতিহাসকে শুধু তথ্য হিসেবে নয়, জীবন্ত অভিজ্ঞতা হিসেবে উপলব্ধি করতে পারে। এতে তাদের সমাজ ও সংস্কৃতি সম্পর্কে গভীর বোধ তৈরি হয়।

**জাতীয় সংহতি ও বিশ্বদৃষ্টির বিকাশ :**

ভারতের বিভিন্ন অঞ্চলের ধ্রুপদী সাহিত্য একদিকে যেমন বৈচিত্র্যের পরিচয় বহন করে, তেমনি অন্যদিকে ঐক্যের বাণীও প্রচার করে। পশ্চিমবঙ্গের শিক্ষার্থীরা যখন সংস্কৃত, তামিল, পালি বা অন্যান্য

ভারতীয় ভাষার ধ্রুপদী সাহিত্য সম্পর্কে জানতে পারে, তখন তাদের মধ্যে সর্বভারতীয় চেতনা গড়ে ওঠে। একই সঙ্গে তারা বিশ্বসাহিত্যের সঙ্গে ভারতীয় সাহিত্যের সম্পর্কও উপলব্ধি করতে শেখে।

**বিশ্বায়নের যুগে আত্মপরিচয়ের রক্ষা :**

আজকের বিশ্বায়িত সমাজে তরুণ প্রজন্ম নানা বিদেশি সংস্কৃতির সংস্পর্শে আসছে। এই পরিবর্তন স্বাভাবিক হলেও নিজের সাংস্কৃতিক পরিচয় সম্পর্কে সচেতন থাকা সমান গুরুত্বপূর্ণ। ধ্রুপদী সাহিত্য শিক্ষার্থীদের নিজেদের ঐতিহ্য ও মূল্যবোধ সম্পর্কে দৃঢ় ধারণা দেয়। ফলে তারা বিশ্বসংস্কৃতিকে গ্রহণ করলেও নিজেদের স্বকীয়তা বজায় রাখতে সক্ষম হয়।

**উপসংহার :**

ধ্রুপদী সাহিত্য শিক্ষা কোনো অতীতমুখী চিন্তার প্রতিফলন নয়; বরং এটি ভবিষ্যৎ নির্মাণের এক শক্তিশালী মাধ্যম। এটি শিক্ষার্থীদের ভাষাজ্ঞান সমৃদ্ধ করে, নৈতিক মূল্যবোধ গড়ে তোলে, চিন্তাশক্তিকে বিকশিত করে এবং সাংস্কৃতিক শিকড়ের সঙ্গে যুক্ত রাখে। পশ্চিমবঙ্গের স্কুল ও কলেজগুলিতে ধ্রুপদী সাহিত্য শিক্ষার প্রসার ঘটলে এমন এক প্রজন্ম গড়ে উঠবে, যারা আধুনিক জ্ঞানে সমৃদ্ধ হওয়ার পাশাপাশি নিজেদের ঐতিহ্য ও সংস্কৃতি সম্পর্কে সচেতন থাকবে। তাই শিক্ষাব্যবস্থায় ধ্রুপদী সাহিত্যের গুরুত্ব অপরিসীম, এবং এর যথাযথ চর্চা জাতির সার্বিক উন্নয়নের জন্য অত্যন্ত প্রয়োজনীয়।

*************************

# পশ্চিমবঙ্গের প্রান্তিক জেলা বাঁকুড়ার অন্তর্গত ছাত্না অঞ্চলের ঐতিহাসিক ঐতিহ্য

প্রশান্ত কুম্ভকার, বাংলা বিভাগ, ছাত্না চণ্ডীদাস মহাবিদ্যালয়।

ছাত্না অঞ্চলটি পশিমবঙ্গের বাঁকুড়া জেলার প্রায় পশ্চিম প্রান্তে অবস্থিত। বাঁকুড়ার ২২টি ব্লকের মধ্যে অন্যতম ছাত্না ব্লকটিকে পশ্চিম বাঁকুড়ার ইতিহাস ও সংস্কৃতির প্রাণকেন্দ্র বলা যেতে পারে। আজকের যে ছাতনা, প্রাচীনে তা ছিল 'ছত্রিণা' নগরী। ১৮৩৩ সালে ত্রয়োদশ আইন অনুসারে যখন জঙ্গলমহলকে ভেঙ্গে খণ্ড খণ্ড করা হয়, তখন ছাত্নাকে মানভূমের সঙ্গে যুক্ত করা হয়েছিল। পরে ১৮৭২ সালে ছাত্না থানা মানভূম থেকে বিচ্ছিন্ন হয়ে বাঁকুড়ার অন্তর্ভুক্ত হয়। বড়ু চণ্ডীদাসের জন্মভূমি এই বিস্তৃত অঞ্চলটি প্রাচীন ইতিহাসের অনেক সাক্ষী বহন করে চলেছে। একসময় সামন্তভূমের রাজধানী ছিল ছাত্না। সমগ্র ছাত্না জুড়ে ইতস্থত ছড়িয়ে থাকা ঐতিহাসিক নিদর্শনগুলি রক্ষণাবেক্ষণের অভাবে আজ হারিয়ে যেতে বসেছে।

ছাত্নার আপামর জনসাধারণের অধিষ্ঠাত্রী দেবী হলেন 'বাসলী', যিনি এখনো পূজা পান স্বমহিমায়। একটা কথা বলে রাখা ভালো যে, এই বাসলী কিন্তু 'বাশুলী' বা 'বিশালাক্ষী' দেবী নন। এই দেবী শুধুমাত্র এই অঞ্চলের মানুষের আরাধ্যা দেবী। ইনিই পরবর্তী কালে ছাত্নার রাজার কুলদেবী এবং 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের রচয়িতা মধ্যযুগের বাংলা সাহিত্যের প্রথম কবি বড়ু চণ্ডীদাসেরও আরাধ্যা দেবী। গবেষকদের মতানুসারে, এই দেবী একমাত্র ছাত্নাতেই বর্তমান। এই অঞ্চলে শতাধিক 'বাসলী'র থান আছে। তবে ছাত্নায় সর্বলোক পরিচিত দুটি বাসলী মন্দির আছে। সবচেয়ে প্রাচীন হল ছাত্না থানার সামনের বাসলী মন্দিরটি। বর্তমানে এখানে যে মন্দিরটি দেখা যায়, তা নতুন করে তৈরী করা হয়েছে। আরেকটি বাসলি মন্দির ছাত্না রাজবাড়ির নিকটে অবস্থিত, যা নতুন বাসলী মন্দির নামে পরিচিত। শোনা যায়, আজ থেকে প্রায় তিনশ বছর আগে তৎকালীন রানি আনন্দ কুমারী দেবী এই মন্দির নির্মাণ করেছিলেন। এই মন্দির পার্শ্ববর্তী মাঠে প্রতি বছর ১১ই জ্যৈষ্ঠ একটি মেলাও হয়, যা ছাত্নাবাসীদের কাছে 'রানির গাজন' নামে পরিচিত। পুরাতন এই মন্দিরটি পোড়া ইটের তৈরি এবং মন্দির গাত্রে টেরাকোটার অসংখ্য নিদর্শন বর্তমান। রানি আনন্দ কুমারীর আমলে এই অঞ্চলের প্রভূত উন্নতি হয়।





ছাত্না পুরাতন বাসলী মন্দির ছাত্না নতুন বাসলী মন্দির

ছাত্নার পাশে অবস্থিত শুশুনিয়া পাহাড়ের শিলালিপি বহু প্রাচীন ইতিহাসের সাক্ষ্য বহন করে চলেছে। সংস্কৃত ভাষায় লেখা এই শিলালিপিটি রাজা চন্দ্রবর্মা উৎকীর্ণ করেছিলেন। প্রত্নবিশারদদের মতানুসারে এটির লিপিকাল খ্রিস্টিয় পঞ্চম শতাব্দি। এছাড়াও শুশুনিয়া পাহাড়ের পাদদেশে প্রাপ্ত প্রস্তরায়ুদ যা, প্যালিওলিথিক বা প্রাচীন প্রস্তর যুগ ও নিওলিথিক বা নব্য প্রস্তর যুগের বিভিন্ন হাতিয়ারের নিদর্শন বহন করে চলেছে বলে বিশেষজ্ঞরা মনে করেছেন। এগুলি লোক প্রযুক্তিরও প্রথম উদাহরণ হতে পারে।

ছাত্না অঞ্চলে প্রাপ্ত কয়েকটি বীরস্তম্ভ এখানকার প্রাচীন ইতিহাসের ঐতিহ্যকে ফুটিয়ে তুলতে সক্ষম। বীরস্তম্ভ হল বীর সেনার স্মৃতি চিহ্ন। কোনো যোদ্ধা যুদ্ধক্ষেত্রে প্রাণ হারালে তাঁর স্মৃতিরক্ষার্থে এরকম মূর্তি তৈরী করা হতো। এখানে অবস্থিত কামারকুলির একটি পুকুরে ছোটবড় কয়েকটি পাথরে সশস্ত্র যোদ্ধার মূর্তি খোদিত আছে। এছাড়াও ছাত্নার পার্শ্ববর্তী 'থুমপাথর' নামক গ্রামের মাঠে দুটি পাথর আছে। তার একটিতে পুরুষের ও অন্যটিতে নারীর মূর্তি খোদাই আছে। কিছুদিন আগেও এখানকার মানুষেরা ঐ পাথর দুটিকে দেবতা জ্ঞানে পূজা করতেন। এই পাথরদুটি 'ভাসুর বোয়াসিন' নামে পরিচিত।



ভাসুর বোয়াসিন পাথর

ছাত্‌নার মাচান এ অঞ্চলের আরেকটি ঐতিহাসিক নিদর্শন। ছাতনার কামারকুলি সংলগ্ন মদন ও ভেলা পুকুরের মাঝে যে গোলাকার মাচানটি আছে তার উচ্চতা প্রায় ৮০ ফুট, ব্যাস প্রায় ৫০ ফুট। সমগ্র বাঁকুড়ায় এরকম ৪টি মাচানের সন্ধান পাওয়া গেছে। এইগুলি সিমাফোর স্তম্ভ। ১৪ কিমি অন্তর এই পিলারগুলিতে রাত্রে মশাল জ্বেলে এবং দিনে লাল পতাকা দেখিয়ে ডাকে জিনিসপত্র রিসিভ করে সিগন্যাল দেওয়া হত। ইংরেজ আমলে ডাক ও যোগাযোগ ব্যবস্থার সুবিধার জন্য এই পিলারগুলি নির্মাণ করা হয়েছিল।



ছাতনার রাজদরবার এই অঞ্চলের গৌরব। রাজবাড়ির প্রাচীন সম্পদে, বিস্তৃত ভূ-খণ্ডে, ভূমিদান শিলালিপিতে ছাতনার প্রাচীন ইতিহাস লিপিবদ্ধ হয়ে আছে। ছাতনার অন্যান্য ইতিহাস ও প্রাচীন নিদর্শনের মতো রাজার ইতিহাসও বাঁকুড়া জেলাকে সমগ্র দেশের কাছে পরিচিত করে তুলেছে।

*********************

# পশ্চিমবঙ্গ দিবস পালনে সুন্দরবনের প্রেক্ষাপট: একটি সমীক্ষা

ড. তুষার ঘরামী, বাংলা বিভাগ, ছাত্না চণ্ডীদাস মহাবিদ্যালয়

২০ই জুন পশ্চিমবঙ্গ দিবস পালন। বর্তমান সরকার এই দিনটিকে পশ্চিমবঙ্গ দিবস হিসাবে ঘোষণা করেছে। নিশ্চয়ই এর পিছনে কোনো ঐতিহাসিক কারণ আছে। আমরা এখন সেদিকেই আলোকপাত করবো। ১৯৪৬ খ্রী:যখন দেশভাগের প্রক্রিয়া চলছে তখন মুসলিম লিগ চাইছে বাংলা প্রদেশ পাকিস্তানে অন্তর্ভুক্ত করতে। অন্যদিকে শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় সহ অন্যান্য বাঙালিরা নিজেদের ঐতিহ্য রক্ষা করার জন্য প্রতিবাদে সরব হয়েছে। তাদের দাবি ধর্মের ভিত্তিতে যদি দেশ ভাগ হয় তাহলে হিন্দুদের জন্য একটি রাজ্যের প্রয়োজন,যা হবে ভারতের অন্তর্ভুক্ত।শেষপর্যন্ত ভোটপ্রক্রিয়ার মধ্যদিয়ে সেই পথ প্রশস্ত হয়। পক্ষে ভোট দেন ৫৮ জন। আর বিপক্ষে ভোট দেন ২১জন। ১৯৪৭ সালে ২০ জুন সিদ্ধান্ত হয় পশ্চিমবঙ্গ থাকবে ভারতে। বর্তমান সরকার এই দিনটিকে পশ্চিমবঙ্গ দিবস হিসেবে ঘোষণা করেছে।

পশ্চিমবঙ্গ দিবসের প্রেক্ষাপটে সুন্দরবনের ভৌগোলিক, রাজনৈতিক, অর্থনৈতিক ও ঐতিহাসিক বিষয় গুরুত্বপূর্ণ দিক হিসাবে অধিকার করে আছে। সুন্দরবন বা বিশাল ব-দ্বীপ পশ্চিমবঙ্গের একটি অবিচ্ছেদ্য অংশ। এলাকাটি নদীমাতৃক। ছোট বড় নদী বেষ্টিত সুন্দরবন পরিবর্তনের সঙ্গে সঙ্গে এগিয়ে চলেছে। রায়মঙ্গল, মাতলা, শিবসা, গোসাবা, বিদ্যাধরী, ডাসা - প্রতিটি নদীকে জীবিকা হিসাবে বেছে নিয়েছে। আবার নৌ চলাচলের মধ্যদিয়ে গ্রাম ও শহরের বিভিন্ন স্থানে যোগাযোগ ব্যবস্থা গড়ে তুলেছে।

সুন্দরবন বিশ্বের বৃহত্তম যে যত তাড়াতাড়ি ইয়া ম্যানগ্রোভ বনাঞ্চল। সুন্দরবনের সৌন্দর্যকে আজো অক্ষুন্ন রেখেছে মনোগ্রাভ। এখানকার সুন্দরী, গরান, গেও, প্রভৃতি উদ্ভিদ মাটি আঁকড়ে সৌন্দর্যকে বাড়িয়ে তুলতে সাহায্য করেছে। বিশ্বের বিভিন্ন প্রান্ত থেকে ভ্রমণ পিপাসু মানুষ এখানে ভ্রমণে আসে। সুন্দরবনের সৌন্দর্য, মাছের স্বাদ, রয়েল বেঙ্গল টাইগারের আকর্ষণ বিশ্ববাসীর কাছে বিশেষভাবে গুরুত্ব পেয়েছে।

সুন্দরবনের ভালো দিকের মধ্যেও রয়েছে অন্ধকার দিক, যা মানুষের দ্বারা সৃষ্ট। ইতিহাসের পটপরিবর্তনের সঙ্গে সঙ্গে ভিন্ন ভিন্ন রাজনৈতিক দলগুলি ক্ষমতায় বসে ইংরেজদের দেখানো পথকেই অনুসরণ করেছে, আর দেশীয় ঐতিহ্যকে নষ্ট করেছে। দেশীয় সংস্কৃতিকে শহরে বসে মূল্যায়ন করেছে। এক শ্রেনীর নেতা ও পুঁজিবাদী সমাজ সুন্দরবনের সৌন্দর্য লুঠ করেছে। ফলে সুন্দরবন বাসীরা খুব অভাব অনটনের মধ্যে দিয়ে দিনযাপন করে। সকলে আশাবাদী একদিন এর নিরসন ঘটবে। বর্তমান সরকারের উন্নয়নের ধারা যেন সুন্দরবনাঞ্চলকে সেই পথ দেখায়। পশ্চিমবঙ্গ দিবসে মধ্য দিয়ে সকল পশ্চিমবঙ্গবাসী যেন সেই সুফল পায়।

# পশ্চিমবঙ্গের সৃজনশীল ও বিপন্ন মানুষ : রাজনৈতিক, সামাজিক ও অর্থনৈতিক প্রেক্ষিতে

সুব্রত দেওঘরিয়া, বাংলা বিভাগ, ছাত্না চণ্ডীদাস মহাবিদ্যালয়।

**ভূমিকা :**

"আমরা বন্দী থাকবো না তোমাদের পকেটে পকেটে,
আমরা বেরিয়ে পড়ব, আমরা ছড়িয়ে পড়ব
শহরে, গঞ্জে, গ্রামে- দিগন্ত থেকে দিগন্তে।"

ঐতিহাসিক, সাংস্কৃতিক ও রাজনৈতিকভাবে ভারতবর্ষের একটি গুরুত্বপূর্ণ রাজ্য হল পশ্চিমবঙ্গ। এই রাজ্যের মানুষের চিন্তাধারা, শিক্ষা, সাহিত্যচর্চা এবং রাজনৈতিক সচেতনতা দেশের অন্যান্য অঞ্চলের তুলনায় বিশেষভাবে উল্লেখযোগ্য। যুগে যুগে পশ্চিমবঙ্গের মানুষ সমাজ পরিবর্তনের স্বপ্ন দেখেছে, অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদ করেছে এবং গণতান্ত্রিক মূল্যবোধ রক্ষায় অগ্রণী ভূমিকা পালন করেছে। তবে রাজনৈতিক সংঘাত, মতাদর্শগত দ্বন্দ্ব এবং সামাজিক অস্থিরতা, অর্থনৈতিক অস্বচ্ছলতার কারণে এই রাজ্যের মানুষকে অনেক মর্মান্তিক পরিস্থিতিরও সম্মুখীন হতে হয়েছে, প্রতিহত হতেও হয়েছে।

**পশ্চিমবঙ্গের সৃজনশীল মানুষের পরিচয় :**

পশ্চিমবঙ্গকে বহুদিন ধরে বুদ্ধিবৃত্তিক চর্চার কেন্দ্র হিসেবে গণ্য করা হয়। শিক্ষা, সাহিত্য, দর্শন, বিজ্ঞান এবং শিল্পকলার ক্ষেত্রে এ রাজ্যের মানুষের অবদান অত্যন্ত গুরুত্বপূর্ণ। বিশেষভাবে উল্লেখ করতে হয় রামমোহন রায়, বিদ্যাসাগর, বঙ্কিমচন্দ্র, রবীন্দ্রনাথ, সত্যেন্দ্রনাথ বসু, প্রফুল্লচন্দ্র, রামানন্দ চট্টোপাধ্যায়, রামকিংকর বেইজ প্রমুখ। সামাজিক ও রাজনৈতিক বিষয়ে মতামত প্রকাশ, বিতর্ক এবং বিশ্লেষণের একটি সুদীর্ঘ ঐতিহ্য এখানে বিদ্যমান। সাধারণ মানুষও রাজনৈতিক ও সামাজিক বিষয় নিয়ে সচেতনভাবে চিন্তা করে এবং সমাজের উন্নয়ন সম্পর্কে আগ্রহী থাকে। প্রতিবাদ, প্রতিরোধের ভাষা ডেকে এনেছে ঐ অর্থনৈতিক অসাম্য। এই চিন্তার কোনো শেষও নেই। তাই সৃজনশীলতা ধরে রাখতে গিয়ে পশ্চিমবঙ্গের মানুষ হয়েছে বিপন্ন।

এই চিন্তাশীলতার পেছনে রয়েছে বাংলার নবজাগরণ, স্বাধীনতা আন্দোলন এবং বিভিন্ন সামাজিক সংস্কার আন্দোলনের প্রভাব। ফলে পশ্চিমবঙ্গের মানুষ কেবল নিজের স্বার্থ নয়, বৃহত্তর সমাজ ও দেশের

কল্যাণ নিয়েও ভাবতে শেখে। এই ভাবনা যখনি ক্ষুন্ন হয়েছে, প্রতিবাদ ও প্রতিরোধের ভাষা ততখানিই তীব্র হয়েছে।

**রাজনৈতিক সচেতনতা ও গণতান্ত্রিক চেতনা :**

পশ্চিমবঙ্গের মানুষের অন্যতম বৈশিষ্ট্য হলো রাজনৈতিক সচেতনতা। নির্বাচন, গণআন্দোলন, সামাজিক অধিকার এবং জনস্বার্থের প্রশ্নে তারা সক্রিয় অংশগ্রহণ করে। বিভিন্ন সময়ে কৃষক, শ্রমিক, ছাত্র এবং সাধারণ জনগণের আন্দোলনে পশ্চিমবঙ্গ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। গণতন্ত্রের প্রতি মানুষের এই অঙ্গীকার রাজ্যের রাজনৈতিক সংস্কৃতিকে সমৃদ্ধ করেছে।

রাজনৈতিক সচেতনতা মানুষের মধ্যে অধিকার সম্পর্কে জ্ঞান বৃদ্ধি করে এবং সমাজে ন্যায়বিচার প্রতিষ্ঠার পথ সুগম করে। এই কারণে পশ্চিমবঙ্গের মানুষকে অনেক সময় দেশের অন্যতম সচেতন নাগরিক সমাজ হিসেবে বিবেচনা করা হয়।

**মর্মান্তিক বাস্তবতা :**

রাজনৈতিক সচেতনতার পাশাপাশি পশ্চিমবঙ্গের ইতিহাসে কিছু বেদনাদায়ক অধ্যায়ও রয়েছে। রাজনৈতিক প্রতিদ্বন্দ্বিতা, দলীয় সংঘর্ষ এবং মতাদর্শগত বিরোধের কারণে বহু মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছে। কখনও কখনও সাধারণ মানুষ রাজনৈতিক সংঘাতের শিকার হয়েছে, যার ফলে সামাজিক সম্প্রীতি ব্যাহত হয়েছে।

রাজনৈতিক সহিংসতা মানুষের মনে ভয়, অনিশ্চয়তা এবং হতাশার জন্ম দেয়। পরিবার হারায় প্রিয়জন, সমাজ হারায় শান্তি, আর রাষ্ট্র হারায় উন্নয়নের গতি। এই মর্মান্তিক অভিজ্ঞতা পশ্চিমবঙ্গের মানুষের সামাজিক ও মানসিক জীবনে গভীর প্রভাব ফেলেছে। কোনো ধর্মই মানুষের মধ্যে সহমর্মিতা, সত্যনিষ্ঠা, ন্যায়বোধ নষ্ট করতে পারে নি।

**বর্তমান প্রেক্ষাপট :**

বর্তমান সময়ে পশ্চিমবঙ্গের মানুষ উন্নয়ন, শিক্ষা, কর্মসংস্থান এবং সামাজিক সম্প্রীতির প্রশ্নে আরও সচেতন হয়ে উঠছে। রাজনৈতিক মতভেদ থাকলেও অধিকাংশ মানুষ শান্তিপূর্ণ সহাবস্থান এবং গণতান্ত্রিক মূল্যবোধকে সমর্থন করে। নতুন প্রজন্ম তথ্যপ্রযুক্তি, শিক্ষা এবং বিশ্বায়নের প্রভাবে আরও যুক্তিবাদী ও বাস্তবমুখী চিন্তাধারার দিকে এগিয়ে যাচ্ছে। ধর্মীয় অনুভূতির বিভাজন বিদ্বেষ বা ক্ষমতার প্রতিযোগিতা হাতিয়ারে পরিনত করতে পারে নি, মানুষ জেগেছে। যেখানে মানুষের মূল্যবোধের অবক্ষয়

হয়েছে, সেখানেই মানুষ জাগ্রত হয়েছে। ভারতীয় জ্ঞান পরম্পরার ব্যাঘাত যখনি হয়েছে, তখনি পরিবর্তন সুনিশ্চিত হয়েছে। দেশীয় ভাষা, দেশীয় সংস্কৃতি, দেশীয় ঐতিহ্য কোনো কিছুকেই পশ্চিমবঙ্গের মানুষ নষ্ট হতে দেয়নি।

**উপসংহার :**

পশ্চিমবঙ্গের মানুষ একদিকে চিন্তাশীল, সংস্কৃতিমনা, রাজনৈতিক ও অর্থনৈতিকভাবে সচেতন; অন্যদিকে রাজনৈতিক সংঘাত ও সামাজিক অস্থিরতার কারণে বহু মর্মান্তিক অভিজ্ঞতারও সাক্ষী। এই দুই বাস্তবতার সমন্বয়েই পশ্চিমবঙ্গের সমাজ ও মানুষের পরিচয় গড়ে উঠেছে। কৃষক, শ্রমিক, মুটে-মজুর সবাই প্রকৃত শিক্ষায় শিক্ষিত হয়ে সচেতন নাগরিক গড়ে তোলায় প্রাথমিক লক্ষ্য হওয়া উচিত বলে মনে হয়। যেখানে থাকবে না কোনো ধর্মের নিগড়, থাকবে না কোনো বর্ণের ভেদাভেদ। সেখানে থাকবে যুক্তিবাদী চিন্তাধারা, সত্যনিষ্ঠ মানসিকতা, স্বাধীন বাস্তব চিন্তাশক্তি। ভবিষ্যতে শান্তি, সহনশীলতা, গণতান্ত্রিক মূল্যবোধ এবং মানবিকতার চর্চার মাধ্যমে পশ্চিমবঙ্গ আরও সমৃদ্ধ ও উন্নত সমাজ হিসেবে প্রতিষ্ঠিত হবে—এটাই সকলের প্রত্যাশা।

*************************

# হিন্দু ঐক্য ও বঙ্গ বিভাজন (১৯৩০ – ১৯৪৭) : ঐতিহাসিক রূপরেখা

ড. নীলাঞ্জন চাকী, সহকারি অধ্যাপক, ইতিহাস বিভাগ, ছাতনা চন্ডীদাস মহাবিদ্যালয় বাঁকুড়া।

১৯৪৭ খ্রিস্টাব্দের ২০ই জুন বঙ্গীয় বিধানসভায় বঙ্গ বিভাজনকে কেন্দ্র করে যে আইন পাস করা হয়েছিল, হিন্দু অধ্যুষিত বঙ্গদেশকে বিভাজিত করে ভারতের অঙ্গ হিসেবে যোগদান করার ঐতিহাসিক মুহূর্তকে স্মরণ করার জন্য বর্তমানে 'পশ্চিমবঙ্গ দিবস' উদযাপন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। স্বাধীনতা প্রাক্কালে ব্রিটিশ কংগ্রেস ও মুসলিম লীগের সমবেত সমঝোতার জন্য ভারত বিভাজন ঘটে, যা অনভিপ্রেত ঘটনা। কিন্তু এই ঘটনার ইঙ্গিত পাওয়ার জন্য ১৯৩০ এর দশক থেকে ১৯৪০ এর মধ্যে হিন্দু ভদ্রলোক রাজনীতির আদর্শগত পরিবর্তন ঘটতে থাকে। মূল লক্ষ্য ছিল উচ্চতর জাতীয়তাবাদী প্রয়াস পরিহার করা এবং পরিবর্তে ক্ষুদ্রতর ও তাৎক্ষণিক বিষয়ে সংশ্লিষ্ট হওয়া। হিন্দু উচ্চবর্ণ গোষ্ঠীর লক্ষ্য ছিল হিন্দু রাজনৈতিক সম্প্রদায় গড়ে তোলা এবং সব অসম শ্রেণী ও গোত্রকে এক সামগ্রিকতায় ঐক্যবদ্ধ করা । ১৯৩০ এর দশকের প্রথম থেকেই হিন্দু রাজনৈতিক ব্যক্তিবর্গ বিভিন্ন মতাদর্শগত শ্রেণীর বিভেদের বাধা দূরীকরণ ও অস্পৃশ্যদের উন্নয়ন কর্মসূচি গ্রহণ করেছিল। এই কাজ কিন্তু খুব সহজ ছিল না ১৯২৬ খ্রিস্টাব্দে শরৎচন্দ্র চট্টোপাধ্যায় বর্তমান হিন্দু মুসলমান সমস্যায় উল্লেখ করেছিলেন যে, হিন্দুদের সামনে সবচেয়ে বড় কঠিন কাজ হলো নিজেদের সম্প্রদায়ের মধ্যে ঐক্য অর্জন করা এবং এ ব্যবস্থায় পরিসমাপ্তি ঘটানো যা দীর্ঘদিন ধরে হিন্দু ধর্মকে বিকৃত করেছে ছোট জাতি বলে কিছু লোককে অপমান করেছে। তবে ১৯২০ এর দশকের শেষ দিকে ঐক্যবদ্ধ হিন্দু রাজনৈতিক সম্প্রদায় সৃষ্টির লক্ষ্যে কিছু হিন্দু নেতা নিম্ন বর্গের দাবিদাওয়ার গুরুত্ব অনুধাবন করতে শুরু করে এবং 'হিন্দু সভা' বিভিন্ন হিন্দু বর্ণের মধ্যে সংহতির গুরুত্ব উপলব্ধি করে। ১৯৩১ খ্রিস্টাব্দের অনুষ্ঠিত এক হিন্দু সভার সম্মেলনে এক বক্তা মন্তব্য করেছিলেন যে হিন্দুদের উপর দ্রুত বিপদ ঘনিয়ে আসছে। মালদার এক কংগ্রেস নেতা কাশীশ্বর চক্রবর্তী, ১৯২৫ খ্রিস্টাব্দের 'সত্যম শিবম দল' গঠন করে স্বরাজী নেতাদের সহায়তায় শাস্ত্রীয়ভাবে শুদ্ধি ও সামাজিক সংস্কারের মাধ্যমে উপজাতি গণ ও অন্ত্যজ শ্রেনীদের হিন্দুদের ছত্রছায়ায় ফিরিয়ে আনার কর্মসূচি গ্রহণ করেন । 'সত্যম শিবম' দলের কাজ ছিল স্পষ্ট ভাবে হিন্দু রাজনৈতিক সম্প্রদায়কে পুনঃউজ্জীবিত করা। পূর্ববঙ্গের মুন্সিগঞ্জের একটি কালীমন্দিরে নমঃশূদ্রদের প্রবেশের অধিকার ফিরিয়ে আনার জন্য আন্দোলন শুরু হয়। ১৯৪০ এর দশক থেকে হিন্দু ভদ্রলোক ও উচ্চ বর্ণগণ ক্রমান্বয়ে বেশি করে হিন্দু স্বার্থ রক্ষায় রাজনৈতিকভাবে ঝুঁকে পড়ায় ব্যাপক রাজনৈতিক ভিত্তি গঠনের প্রয়োজনীয়তা অনুভূত হতে থাকে । তাদের এই সাংস্কৃতিক শ্রেষ্ঠত্বের বৈশিষ্ট্য নিঃসন্দেহে একটি মহান প্রয়োজনীয়তা হিসাবে গ্রামীণ ও শহরের জমিদার, তালুকদার, ঐতিহ্যগত সম্ভ্রান্ত সম্প্রদায়, শহরের পেশাগত শ্রেনি এবং অতিসাধারণ পুরোহিত ব্রাহ্মণ শ্রেণীর কাছে আবেদন সৃষ্টি করে। বিভিন্ন শ্রেণীর

হিন্দুদের পুনঃবিন্যাসের মাধ্যমে সঙ্গবদ্ধ হিন্দু রাজনৈতিক সম্প্রদায়ের পরিধির বিস্তার এক উল্লেখযোগ্য হাতিয়ার হিসেবে আবির্ভূত হয়। ১৯৩০ এর দশকে বঙ্গদেশে বিভিন্ন হিন্দু সম্প্রদায়কে ঐক্যবদ্ধ করার কর্মসূচি গ্রহণ করে 'হিন্দু সভা' ও 'মহাসভা'। ১৯৩৯ খ্রিস্টাব্দে বীর সাভারকর নিজে উপস্থিত থেকে পুনরায় মহাসভার কর্মসূচি গ্রহণ করেন। ১৯৩৯ খ্রিস্টাব্দে বঙ্গীয় হিন্দু সংহতি প্রতিষ্ঠিত হয়। এর মূল লক্ষ্য ছিল বাংলার হিন্দুদের অধিকার আইনগত স্বার্থ ও সুযোগ সুবিধার রক্ষা করা এবং হিন্দু সম্প্রদায়ের সব শ্রেণীর মধ্যে সংহতি বৃদ্ধি করা। ১৯৩৯ সালের এপ্রিল মাসে মেদিনীপুরের জলামুখায় আয়োজিত মাহিষ্য সম্মেলনে ডক্টর শ্যামাপ্রসাদ মুখার্জী মাহিষ্য সম্প্রদায়ের গৌরবময় অতীত তুলে ধরেন। মাহিষ্যরা ছিল মধ্যবর্তী জলাচল শ্রেণীর লোক। ধর্মীয় মর্যাদা নিচু হলেও তাদের অর্থনৈতিক ভিত্তি ও রাজনৈতিক গুরুত্ব ছিল বেশি বাঁকুড়া জেলাও এর ব্যতিক্রম ছিল না। আদিবাসী অধ্যুষিত এলাকাতে স্থানীয় মুসলিম লীগের নেতারা সাঁওতালদের অন্যদিকে পরিচালিত করলেও শ্যামাপ্রসাদ মুখার্জির স্বয়ং ১৯৪১ সালের আদমশুমারিতে তপশিলি উপজাতিদের যাতে হিন্দু হিসেবে তালিকাভুক্ত করা হয় সেই প্রচেষ্টাতে অবহিত হয়েছিলেন । স্থানীয় মহাসভার নেতাগণ আদিবাসী এলাকাতেও বক্তা ও এজেন্ট প্রেরণ করেন। শুরু হয় সংস্কৃতায়ন প্রক্রিয়া (Sanskritisation), যার উদ্দেশ্য নিম্ন শ্রেণীর হিন্দুদের উচ্চ শ্রেণীর হিন্দুগণের আচার-আচরণগত স্বীকৃত কাঠামোর মধ্যে স্থান প্রদান করা।

চল্লিশের দশকে বঙ্গদেশে পূর্বাঞ্চলের বিভিন্ন জেলায় প্রধানত পল্লি এলাকায় মুসলমান সংখ্যাগরিষ্ঠ লোকালয়ে সংগঠিত দাঙ্গা ঘটতে থাকে। অপরদিকে বঙ্গ দেশের পশ্চিমাংশে ও উত্তরাংশে হিন্দু ভদ্রলোক এলাকাতেও সংঘর্ষের ঘটনা বৃদ্ধি ঘটতে থাকে মুসলিম লীগের প্ররোচনায়। সাম্প্রদায়িক রোয়েদাদের পর স্থানীয় বিষয়ে হিন্দু ভদ্রলোক স্বার্থের গুরুত্ব নতুনভাবে দেখা দেয় এবং স্থানীয় প্রতিষ্ঠানগুলিতে যথা জেলা বোর্ড, স্কুল বোর্ড ও কমিটির নির্বাচনে কর্তৃত্ব প্রতিষ্ঠার জন্য হিন্দুদের সঙ্ঘবদ্ধ হবার প্রয়োজন দেখা দেয়। পূর্ববঙ্গের জেলাগুলির স্থানীয় প্রশাসনের মুসলিম সম্প্রদায়ের প্রাধান্য বেশি থাকলেও পশ্চিম দিকের জেলাগুলিতে হিন্দুদের স্বায়ত্ব শাসিত সরকারি প্রতিষ্ঠানে হিন্দুদের অংশগ্রহণ ও ক্ষমতায় টিকে থাকার প্রয়োজন অবশ্যম্ভাবী হয়ে পড়ে। ফজলুল হকের সরকার স্থানীয় প্রশাসন গুলিকে আরো ক্ষমতা দেওয়ার পদক্ষেপ গ্রহণ করে। সাক্ষ্য প্রমাণ থেকে সিদ্ধান্তে আসা যায় যে বাঙালিরা তাদের বঙ্গ প্রদেশ বিভক্তির সময় নিষ্ক্রিয় দর্শক হয়ে থাকেনি। হিন্দু মহাসভা ও স্থানীয় হিন্দু উচ্চবিত্ত জমিদারগণ সহ অধিকাংশ হিন্দু ১৯৪৭ সালে পৃথক হিন্দু দেশ গড়ে তোলার জন্য ব্যাপকভাবে প্রচেষ্টা করেছিল। হিন্দুদের ঐক্যবদ্ধ করার প্ররোচনার ফল কিছু লক্ষ্য করা যায়। ১৯৪৬ সালের সাধারণ নির্বাচনের ফলাফলে কংগ্রেস লাভ করে ৭১ টি আসন ও ১৫ টি হিন্দু আসন। সকলকে বিস্মিত করে কলকাতা বিশ্ববিদ্যালয়ের বিশেষ আসনটি লাভ করে হিন্দু মহাসভা। এই আসনে ডঃ শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয় লাভ করে।

১৯৪৬ খ্রিস্টাব্দে সোহরাবর্দি সরকার গঠন করলে হিন্দু বাঙ্গালীদের প্রত্যাশা হতাশায় পরিণত হয়। মুসলমান শাসন সম্পর্কে অনেক হিন্দু তাদের ভবিষ্যৎ নিয়ে যে ভীতিতে ছিল তিনি সেই সব ভীতি দূর করার জন্য কোন উদ্যোগ নেননি। প্রধানমন্ত্রী হিসেবে তিনি মন্ত্রিসভায় হিন্দু মুসলিমদের সমতার নীতিও বাতিল করেন। মন্ত্রিসভার সদস্য কমিয়ে ১১ টি করেন এবং মাত্র তিনজন হিন্দু মন্ত্রীদের স্থান দেন তার মধ্যে দুইজন তপশিলি সম্প্রদায়ের। তিনি মুসলিম লীগের ১৬ই আগস্ট ডাইরেক্ট অ্যাক্শনকে সরকারি ছুটির দিন ঘোষণা করেন। মুসলমান সরকারের শাসন বাংলাকে পাকিস্তান বানানোর দিকে নিয়ে যাবে এই ভাবনায় হিন্দুদের ভীত সন্ত্রস্ত করে তোলে। মুসলিম শাসনের থাকার থেকে দেশবিভাগ অধিক পছন্দের তা পশ্চিমবঙ্গের বাঙালি হিন্দুদের মনে উদিত হয়। ১৯৪৬ এর আগে থেকেই কিছু হিন্দু স্থানীয় সংগঠন এর উদ্ভব লক্ষ্য করা যায়। স্থানীয় সংগঠনের মধ্যে 'ভারত সেবাশ্রম সংঘ' সরাসরি হিন্দু মহাসভাকে সমর্থন করে। ডক্টর শ্যামাপ্রসাদ ভারত সেবা সংঘের সভায় সভাপতিত্ব করেছিলেন ১৯৩৯ খ্রিস্টাব্দে। এই সংগঠন ১৯৪৬ এর দশক থেকে হিন্দু সম্প্রদায় ও ভদ্রলোকদের ব্যাপক সমর্থন লাভ করতে থাকে। বিভক্তির আন্দোলন আরো গুরুতর হতে থাকে ১৯৪৬ এর সময়। মুসলিম লীগ সরকারের জীবন সম্পত্তি স্বাধীনতা রক্ষায় ব্যর্থ হয়ে বাঙ্গালী হিন্দুদের জীবন অসহনীয় করে তুলেছিল। তাই সর্বশেষ এই দাবি উঠেছিল জনসমক্ষে হিন্দুদের তরফে যে মুসলিমরাজ এর অধীন অগ্রহণযোগ্য জীবন থেকে রক্ষা পাওয়ার জন্য বঙ্গদেশ কে বিভাজন করা যুক্তিযুক্ত। বেঙ্গল কংগ্রেসের নেতা নলিনী সরকার ও ডক্টর বিধান চন্দ্র রায় যৌথভাবে বাংলা বিভাগ আন্দোলনের সমর্থন জানান। নেতারা এসময় সিদ্ধান্ত গ্রহণ করেন যে, দলের অভ্যন্তরের ক্ষমতা কে বাইরের রাজনৈতিক ক্ষমতায় রূপান্তরিত করার জন্য বাংলা ভাগ করা হলো একমাত্র পথ। শ্যামাপ্রসাদ বিশিষ্ট ব্যক্তিবর্গ হিসাবে গণ্য হয়ে ওঠেন এবং ৩ রা জুন বঙ্গ বিভাজন পরিকল্পনা ঘোষণা করার পর কংগ্রেস নেতৃত্ব গ্রহণ করলে বাংলা ভাগের ভবিষ্যৎ চূড়ান্ত হয়ে যায়। বেঙ্গল কংগ্রেস আগেই বাংলা বিভাগ প্রস্তাব গ্রহণ করে এবং ২০ শে জুন ১৯৪৭ খ্রিস্টাব্দে বঙ্গদেশ থেকে জেলাভিত্তিক বিভাজনের মাধ্যমে বঙ্গদেশ বিভাজন সম্পন্ন হয়। জন্ম হয় নব পশ্চিমবঙ্গের।

************************

# ঐতিহাসিক প্রেক্ষাপটে বাঁকুড়া জেলার ছাতনা

ড. জটাধারী মুদি, ইতিহাস বিভাগ, ছাত্না চণ্ডীদাস মহাবিদ্যালয়।

ছাতনা হল পশ্চিমবঙ্গের বাঁকুড়া জেলার পশ্চিম সীমান্তে অবস্থিত পার্শ্ববর্তী একটি অঞ্চল। ঐতিহাসিক প্রেক্ষাপটে বাঁকুড়া জেলার ছাতনা এক গৌরবময় স্থানের অধিকারী। প্রাচীন কালে এই ছাতনা অঞ্চলটি 'ছত্তিবনা বা ছত্তিনানগর' নামে পরিচিত ছিল। প্রাচীন সামন্তভূম রাজ্যের রাজধানী ছিল এই ছত্তিনানগর। রাঢ় অঞ্চলের (পশ্চিমবঙ্গের দক্ষিন-পশ্চিম অংশ) এই অঞ্চলটি সমৃদ্ধ শালী প্রাগৈতিহাসিক এবং মধ্যযুগীয় ইতিহাসের সাক্ষী বহন করে আসছে। মধ্যযুগীয় বিখ্যাত বাংলা সাহিত্য 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের রচয়িতা বড়ু চন্ডীদাসের আরাধ্যা দেবী বাসুলী মাতার পীঠস্থান হিসেবে ছাতনা বিশেষ ভাবে পরিচিত। এছাড়া ছাতনা অঞ্চলটি প্রত্নতাত্ত্বিক গুরুত্ব সম্পন্ন শুশুনিয়া পাহাড়ের প্রাচীন শিলালিপির (রাজা চন্দ্রবর্মার শিলালিপি) জন্য বিখ্যাত।

বাঁকুড়া জেলার ছাতনা অঞ্চলটি জুড়ে অধিষ্ঠাত্রী দেবী বাসলীর পূজার যথেষ্ঠ প্রচলন রয়েছে। এখানকার বাসলী মন্দিরের ভিত্তিবেদীতে খোদিত লিপি ও ধংসাবশেষ থেকে অনুমান হয় যে, এই অঞ্চলটি ধর্মীয় ও সাংস্কৃতিক ঐতিহ্য পূর্ন। এছাড়া অন্যদিকে ব্রিটিশ শাসনাধীন সময়কালের শুরুতে এই ছাতনা অঞ্চলটি জঙ্গলমহলের অংশ ছিল এবং পরবর্তীকালে তা বাঁকুড়া জেলার অন্তর্ভুক্ত হয়। এমনকি ভারতের স্বাধীনতা আন্দোলনের সময় ছাতনার স্থানীয় কিছু মানুষ ব্রিটিশ বিরোধী কার্যকলাপে সক্রিয় অংশগ্রহণ করতে লক্ষ্য করা গেছে। তবে বর্তমানে ছাতনা যে শুধুমাত্র ঐতিহাসিক নিদর্শনেই সমৃদ্ধ হয়ে আছে তা কিন্তু নয়, এখানকার ঐতিহ্যবাহী 'ছাতনার পেড়া' নামক মিষ্টিও অত্যন্ত বিখ্যাত হয়ে আছে, যার কদর দীর্ঘদিন ধরে বজায় আছে। খোয়া দিয়ে তৈরি মধুর স্বাদের ছাতনার পেড়া আজও বাঙালির রসনাকে তৃপ্ত করে। সামন্তভূমের তথা ছাতনার উপাস্য দেবী বাসলীর নিত্যপূজায় নিবেদন করা হয় এই পেড়া।

ছাতনায় অবস্থিত সবুজ বনানী ঘেরা রাজবাড়ির দূর্গামন্দির যা প্রায় তিনশো বছরের পুরানো নিদর্শনের সাক্ষ্য বহন করে চলেছে। একসময়ের সামন্তভূমের রাজধানী ছাতনায় রাজা বা রাজতন্ত্র কিছু না থাকলেও এখনও সেই পুরোনো নিয়ম মেনেই চলে মায়ের আরাধনা। আজ থেকে প্রায় তিনশো বছর আগে এই মন্দির তৈরি করেছিলেন তৎকালীন রানি আনন্দ কুমারী। এছাড়া বাঁকুড়ার ছাতনা মানেই শুধু বাসুলি মন্দির, রাজবাড়ী বা শুশুনিয়া পাহাড় নয়, এই অঞ্চলের মাটিতে লুকিয়ে রয়েছে আরও বহু অজানা ইতিহাস। তেমনই এক বিস্ময়কোর নিদর্শন হল 'সিমাফোর টাওয়ার' বা স্থানীয় ভাষায় মাচান। অনেকেই আজও এই টাওয়ারের গুরুত্ব সম্পর্কে অবগত নন, অথচ একসময় এগুলিই ছিল যোগাযোগ ব্যবস্থার অন্যতম প্রধান মাধ্যম। টেলিগ্রাফ বা আধুনিক যোগাযোগ প্রযুক্তি আবিষ্কারের বহু আগেই এই মাচানগুলো ব্যবহার করা হত বার্তা আদান-প্রদানের জন্য। অর্থাৎ এক টাওয়ার থেকে অন্য টাওয়ারে সংকেত পাঠিয়ে

দূরের খবর পৌঁছে দেওয়া হত। আলো, ধোঁয়া বা পতাকার সাহায্যে নির্দিষ্ট সংকেতের মাধ্যমে তথ্য আদান-প্রদান করা হত, যা সেই সময়ের জন্য অত্যন্ত কার্যকর ব্যবস্থা ছিল।

পশ্চিমবঙ্গের বাঁকুড়া জেলার ছাতনা ব্লকে অবস্থিত শুশুনিয়া পাহাড় একাধারে প্রাচীন ইতিহাস ও প্রত্নতাত্ত্বিক নিদর্শনের এক অনন্য আধার। পাহাড়টি বহু প্রাচীন প্রত্নতাত্ত্বিক নিদর্শনের মান বহন করে আসছে। এর পাশাপাশি এখানে জিরাফ, এশিয়াটিক সিংহ, হায়না এবং আরো অন্যান্য প্রজাতির অনেক জীবাশ্মের আবাস লক্ষ্য করা গেছে। ছাতনাতে প্রায় ১৪৭০ ফুট উঁচু এই পাহাড়ে প্রাপ্ত জীবাশ্ম, পশ্চিমবঙ্গের প্রাচীনতম শিলালিপি এবং প্রস্তর যুগের বিভিন্ন সামগ্রী এক ঐতিহাসিক দিক থেকে অত্যন্ত গুরুত্ব পূর্ন। ঐতিহাসিক দৃষ্টিভঙ্গি অনুসারে রাজা চন্দ্রবর্মন এই স্থানে তাঁর দূর্গটি তৈরি করেছিলেন। খ্রিষ্টীয় চতুর্থ শতাব্দীর শিলালিপি অনুসারে এই স্থানের নাম পুষ্করন রাখা হয়েছিল। যেটি বর্তমানে পোখরানা রাখা হয়েছে। মনে করা হয় যে, প্রাচীন রাঢ়ের রাজা সিংহবর্মনের পুত্র চন্দ্রবর্মনের রাজধানী পুষ্করানা হল আসলে এই পোখরানা গ্রামটি। যা খ্রিষ্টীয় চতুর্থ শতাব্দীর শুশুনিয়া শিলালেখে এই স্থানের উল্লেখ রয়েছে।এছাড়া ঐতিহাসিক কাল থেকেই শুশুনিয়া পাহাড় হিন্দু ও বৌদ্ধ ধর্মাবলম্বীদের কাছে একটি পবিত্র স্থান হিসেবে ব্যবহৃত হয়ে আসছে। পাহাড়ের নিচে অবস্থিত প্রাকৃতিক ঝরনার মুখে একটি প্রাচীন পাথরের নরসিংহ মূর্তি রয়েছে, যা দর্শনার্থীদের প্রধান আকর্ষন হয়ে উঠেছে।

********************

# পশ্চিমবঙ্গ দিবস: ইতিহাস, তাৎপর্য ও প্রাসঙ্গিকতা

লক্ষ্মী দাস, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, ছাত্না চণ্ডীদাস মহাবিদ্যালয়।

## ২০ জুনের ঐতিহাসিক প্রেক্ষাপটে পশ্চিমবঙ্গের আত্মপ্রকাশ:

পশ্চিমবঙ্গ দিবস ভারতের ইতিহাসে এক গভীর তাৎপর্যপূর্ণ দিন। প্রতি বছর ২০ জুন এই দিনটি পালিত হয় পশ্চিমবঙ্গ রাজ্যের জন্ম ও আত্মপরিচয়ের স্মরণে। ১৯৪৭ সালের দেশভাগের প্রাক্কালে যে রাজনৈতিক ও প্রশাসনিক সিদ্ধান্তগুলির মধ্য দিয়ে ভারতের মানচিত্র নতুনভাবে গঠিত হয়, তারই এক গুরুত্বপূর্ণ অধ্যায় হলো পশ্চিমবঙ্গের সৃষ্টি। এই দিবস তাই কেবল আনুষ্ঠানিক উদ্‌যাপন নয়, বরং ইতিহাসের এক জটিল ও গুরুত্বপূর্ণ অধ্যায়কে স্মরণ করার দিন।

## ঐতিহাসিক প্রেক্ষাপট:

১৯৪৭ সালের ৩ জুন লর্ড মাউন্টব্যাটেন ভারত বিভাজনের পরিকল্পনা ঘোষণা করেন। এই পরিকল্পনা অনুযায়ী সিদ্ধান্ত হয় যে পাঞ্জাব ও বাংলা প্রদেশের ভবিষ্যৎ নির্ধারণ সংশ্লিষ্ট প্রাদেশিক আইনসভাগুলির ওপর নির্ভর করবে। এই সিদ্ধান্তই বাংলার ইতিহাসে এক নতুন মোড় আনে।

পরবর্তীতে ২০ জুন ১৯৪৭ সালে বঙ্গীয় প্রাদেশিক আইনসভায় বাংলার ভবিষ্যৎ নির্ধারণে এক ঐতিহাসিক ভোটাভুটি অনুষ্ঠিত হয়। প্রথম পর্যায়ে যৌথ অধিবেশনে সদস্যরা অবিভক্ত বাংলা, পাকিস্তানের সঙ্গে যুক্ত হওয়া বা বিভাজনের মতো বিভিন্ন বিকল্প নিয়ে মত দেন। কিন্তু পরবর্তীতে হিন্দু সংখ্যাগরিষ্ঠ এলাকার বিধায়করা পৃথক বৈঠকে বসে ভারতের অন্তর্ভুক্তির পক্ষে ভোট দেন। এই সিদ্ধান্তের ফলেই বাংলা বিভাজন অবশ্যম্ভাবী হয়ে ওঠে। পরবর্তীতে র‍্যাডক্লিফ সীমারেখা নির্ধারণের মাধ্যমে বাংলা দুই ভাগে বিভক্ত হয় - পূর্ব অংশ পূর্ব পাকিস্তান (বর্তমান বাংলাদেশ) এবং পশ্চিম অংশ পশ্চিমবঙ্গ নামে ভারতের একটি রাজ্য হিসেবে আত্মপ্রকাশ করে।

## রাজনৈতিক প্রেক্ষাপট ও নেতৃত্বের ভূমিকা:

পশ্চিমবঙ্গ গঠনের পেছনে রাজনৈতিক নেতৃত্বের ভূমিকা ছিল অত্যন্ত গুরুত্বপূর্ণ। সেই সময়কার রাজনৈতিক পরিস্থিতি ছিল উত্তেজনাপূর্ণ ও অনিশ্চয়তায় ভরা। বিভিন্ন রাজনৈতিক দল ও নেতা বাংলার ভবিষ্যৎ নিয়ে ভিন্ন ভিন্ন মত পোষণ করছিলেন।

ডঃ শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় ছিলেন সেই সময়ের অন্যতম প্রভাবশালী নেতা, যিনি পশ্চিমবঙ্গকে ভারতের অংশ হিসেবে রাখার পক্ষে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। তিনি বাঙালি হিন্দুদের স্বার্থে, বিশেষতঃ তৎকালীন রাজনৈতিক ও সামাজিক বাস্তবতায় হিন্দু সংখ্যাগরিষ্ঠ জনগোষ্ঠীর নিরাপত্তা ও

ভবিষ্যৎ নিশ্চিত করতে অবিভক্ত ও স্বাধীন 'যুক্তবঙ্গ' প্রস্তাবের বিরোধিতা করেন। প্রসঙ্গত উল্লেখ্য, ১৯৪৭ সালের মাঝামাঝি সময়ে অবিভক্ত বাংলার শেষ মুখ্যমন্ত্রী হোসেন শহীদ সোহরাওয়ার্দী, শরৎচন্দ্র বসু এবং আবুল হাশিম প্রভৃতি নেতৃবৃন্দ একটি স্বাধীন, অখণ্ড ও সার্বভৌম 'যুক্তবঙ্গ' গঠনের প্রস্তাব দেন। কিন্তু শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের আশঙ্কা ছিল, মুসলিম সংখ্যাগরিষ্ঠতার কারণে এই স্বাধীন বাংলা অবধারিতভাবে পাকিস্তানের নিয়ন্ত্রণে চলে যাবে অথবা সেখানে হিন্দুদের রাজনৈতিক অধিকার খর্ব হবে। বিশেষতঃ ১৯৪৬ সালের কলকাতার ভয়াবহ দাঙ্গা এবং নোয়াখালীর দাঙ্গার পর বাঙালি হিন্দুদের সুরক্ষায় তাঁর এই উদ্বেগ অত্যন্ত প্রাসঙ্গিক ছিল। তাঁর মূল দাবি ছিল - "যদি মুসলিমরা ভারতের বিভাজন চায় এবং একটি আলাদা রাষ্ট্র গঠন করতে চায়, তবে বাংলার হিন্দু সংখ্যাগরিষ্ঠ অঞ্চলকেও আলাদা করতে হবে এবং তা ভারতের অংশ হিসেবে থাকবে।" তাঁর এই আহ্বানে তৎকালীন বুদ্ধিজীবী, ব্যবসায়ী এবং সাধারণ মানুষের ব্যাপক সমর্থন মেলে। তাঁর নেতৃত্বে গড়ে ওঠা রাজনৈতিক আন্দোলন ও জনমত গঠনের ফলে আইনসভায় পশ্চিমবঙ্গের ভারতের অন্তর্ভুক্তির পক্ষে সিদ্ধান্ত গ্রহণ সহজতর হয়। ফলে পশ্চিমবঙ্গ ভারতের একটি পৃথক ও গুরুত্বপূর্ণ অঙ্গরাজ্য হিসেবে আত্মপ্রকাশ করে।

## পশ্চিমবঙ্গ দিবসের গুরুত্ব

### ঐতিহাসিক গুরুত্ব:

এই দিবস বাংলার বিভাজন, দেশভাগের বাস্তবতা এবং পশ্চিমবঙ্গের জন্ম ইতিহাসকে স্মরণ করিয়ে দেয়। এটি নতুন প্রজন্মকে ইতিহাস সম্পর্কে সচেতন করে তোলে।

### সামাজিক-সাংস্কৃতিক ঐক্য ও সংহতি:

এই দিনটি সমাজে ঐক্য, সম্প্রীতি ও সহমর্মিতার বার্তা বহন করে। বিভিন্ন সাংস্কৃতিক ও শিক্ষামূলক কর্মসূচির মাধ্যমে মানুষের মধ্যে পারস্পরিক বন্ধন আরও দৃঢ় হয়। পশ্চিমবঙ্গ ভারতের একটি গুরুত্বপূর্ণ অঙ্গরাজ্য হিসেবে জাতীয় ঐক্যের অংশ। এই দিবস "এক ভারত, শ্রেষ্ঠ ভারত" ভাবনাকে আরও সুদৃঢ় করে। তবে পশ্চিমবঙ্গ শুধু একটি প্রশাসনিক অঞ্চল নয়, এটি হিন্দু-মুসলিম, জাতি-ধর্মের ঊর্দ্ধে বাংলা ভাষা, সাহিত্য, শিল্প ও সংস্কৃতির কেন্দ্রস্থল। এই দিবস বাঙালির সাংস্কৃতিক গৌরব ও ঐতিহ্যকে উদ্‌যাপনের সুযোগ করে দেয়।

### উপসংহার:

পশ্চিমবঙ্গ দিবস কেবল একটি স্মরণীয় তারিখ নয়, এটি ইতিহাস, রাজনীতি ও সংস্কৃতির এক মিলনক্ষেত্র। ১৯৪৭ সালের ঐতিহাসিক ঘটনাপ্রবাহের মধ্য দিয়ে যে রাজ্যের জন্ম হয়, তার পেছনের

সংগ্রাম, সিদ্ধান্ত ও বাস্তবতাকে স্মরণ করা আমাদের সকলের দায়িত্ব। এই দিবস আমাদের অতীতকে জানতে সাহায্য করে, বর্তমানকে সচেতন করে এবং ভবিষ্যতের জন্য দিকনির্দেশনা প্রদান করে। অতীতে ডঃ মুখোপাধ্যায়ের আত্মত্যাগ, প্রচেষ্টা ও দূরদর্শিতার সম্মানে বর্তমান রাজনৈতিক পরিমণ্ডলে ড. শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়কে "পশ্চিমবঙ্গের প্রতিষ্ঠাতা" হিসেবে স্মরণ করা হয়। তাঁর দূরদর্শিতা ও অনমনীয় অবস্থানের কারণেই কলকাতা এবং পশ্চিমবঙ্গের হিন্দু সংখ্যাগরিষ্ঠ জেলাগুলো পাকিস্তানের অংশ হওয়া থেকে রক্ষা পায় এবং ভারতের অবিচ্ছেদ্য অঙ্গ হিসেবে আত্মপ্রকাশ করে।

***********************

# ছিন্নমূলের আর্তনাদ: উদ্বাস্তু সংকট ও পশ্চিমবঙ্গের রাজনৈতিক নবজাগরণ

স্বাগতা সরখেল, সহকারী অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, ছাতনা চণ্ডীদাস মহাবিদ্যালয়

১৯৪৭ সালের ১৫ আগস্ট ব্রিটিশ শাসনের অবসান ঘটে, ধর্মের ভিত্তিতে কিন্তু ভারত ও পাকিস্তান নামে দুটি পৃথক রাষ্ট্রের জন্ম হয় । রেডক্লিফ লাইন বাংলা ও পাঞ্জাবকে দ্বিখণ্ডিত করে। পূর্ববঙ্গ পাকিস্তানের অংশ হয়, নাম হয় পূর্ব পাকিস্তান, আর পশ্চিমবঙ্গ থেকে যায় ভারতে। এই দেশভাগ ছিল রক্তাক্ত ও হৃদয়বিদারক। সাম্প্রদায়িক দাঙ্গা, লুট, খুন ও নারী নির্যাতনের ভয়ে পূর্ববঙ্গের হিন্দুরা দলে দলে পশ্চিমবঙ্গে চলে আসতে বাধ্য হয়।

বাঙালি আজ ও স্মরণ করে দেশভাগের সেই বেদনাদায়ক ইতিহাস- যা লক্ষ লক্ষ মানুষকে নিজেদের ঘর থেকে উৎখাত করেছিল, গৃহহীন করেছিল হাজার হাজার পরিবারকে। নিজেদের প্রাণ বাঁচানোর তাড়নায় তারা পর করেছিল কাটা তারের বেড়া, পা বাড়িয়েছিল এক অনিশ্চিত ভবিষ্যতের দিকে। সাম্প্রদায়িক দাঙ্গা ও প্রাণের সংশয় তাদের ঘর ছাড়তে বাধ্য করেছিল- কাটাতে হয়েছলো অন্নহীন, নিদ্রাহীন রাত। কলকাতা শহরের রেলস্টেশন গুলিতে নিরুপায় হয়ে আশ্রয় নিয়েছিল হাজার হাজার উদ্বাস্তু পরিবার। কলকাতা শহরের বিভিন্ন জায়গায় গড়ে উঠেছিল উদ্বাস্তু কলোনি। প্ল্যাটফর্ম, কলকাতার পরিত্যক্ত ব্যারাক ও মিলের গুদামে গাদাগাদি করে থাকা মানুষগুলোর সামনে ছিল শুধু অনিশ্চয়তা। সরকারি পুনর্বাসন ধীর ও অপ্রতুল হওয়ায় উদ্বাস্তুরা নিজেরাই বাঁচার লড়াই শুরু করে। যাদবপুর, বিজয়গড়, নেতাজিনগর, আজাদগড়, বাঘাযতীন, লেকটাউনের মতো অসংখ্য ‘জবরদখল কলোনি’ গড়ে ওঠে পতিত জমি, পরিত্যক্ত বাগানবাড়ি ও জলা জমিতে। এই জবরদখল ছিল কেবল মাথা গোঁজার ঠাঁই নয়, ছিল নাগরিক অধিকারের লড়াই।

এই উদ্বাস্তু সমস্যা দেশকে খুব সংকটময় পরিস্থিতির সম্মুখীন করেছিল। দেশের সাম্প্রদায়িকতাকে মোকাবিলা করে শান্তিস্থাপন ও উদ্বাস্তু সংকট মোকাবিলা করা দেশের সরকারের কাছে হয়ে উঠেছিল সবথেকে বড় চ্যালেঞ্জ। রাষ্ট্রগঠনের কাজ এর পাশাপাশি এই উদ্বাস্তু পরিবারগুলিকে আশ্রয়প্রদান, তাদের অন্নসংস্থান ও কর্মসংস্থান করা ছিল সেই মুহূর্তের সব থেকে গুরুত্বপূর্ণ কাজ। উদ্বাস্তুদের সংকটগুলি তাদের ঐক্যবদ্ধ ও সংঘবদ্ধ করলো। জীবনের সংকট তাদের রাজনৈতিক ভাবে তরিত করলো এবং তাদের সেই সংঘবদ্ধ প্রয়াস জন্ম দিল উদ্বাস্তু আন্দোলনের যাপশ্চিমবঙ্গের সামাজিক ও রাজনৈতিক ইতিহাসের মোড় ঘুরিয়ে দিয়েছিল।

১৯৫০ সালে তৈরি হয় ‘নিখিলবঙ্গ বাস্তুহারা কর্ম পরিষদ’, পরে ‘ইউনাইটেড সেন্ট্রাল রিফিউজি কাউন্সিল’।এই সংগঠনগুলোর নেতৃত্বে উদ্বাস্তুরা জমির পাট্টা, রেশন, স্কুল, হাসপাতাল ও কাজের দাবিতে

মিছিল, অনশন, রেল-রোকো আন্দোলন করে। বামপন্থী দলগুলো, বিশেষ করে কমিউনিস্ট পার্টি, উদ্বাস্তু আন্দোলনকে রাজনৈতিক ভাষা দেয়। 'আমরা বাঁচতে চাই, আমাদের বাঁচতে দাও' স্লোগান থেকে জন্ম নেয় 'আমরা দখল করব, আমরা গড়ব'। উদ্বাস্তু মেয়েরা রাত জেগে কলোনি পাহারা দিয়েছে, ইট বয়েছে, স্কুল চালিয়েছে। এই সংকট তাদের ভেঙে দেয়নি, বরং ঐক্যবদ্ধ করেছিল। উদ্বাস্তু আন্দোলন পশ্চিমবঙ্গকে দিয়েছিল নতুন ভোটার, নতুন কর্মী, নতুন নেতা। ষাট ও সত্তরের দশকের রাজনীতি, সাহিত্য, এমনকি ফুটবল মাঠের 'ইস্টবেঙ্গল' আবেগ— সবেতেই এই ছিন্নমূল মানুষের লড়াইয়ের ছাপ রয়ে গেছে। রাষ্ট্রের গাফিলতি যেখানে ছিল, সেখানে উদ্বাস্তুরা নিজেদের হাতেই নিজেদের ভবিষ্যৎ গড়ে নিয়েছিল। এই আন্দোলন প্রমাণ করে, ঘর হারালে মানুষ শুধু কাঁদে না, লড়তেও শেখে।

উদ্বাস্তু আন্দোলনের সবচেয়ে বড় শক্তি ছিল নারীদের অংশগ্রহণ। যে মেয়েরা পূর্ববঙ্গে ঘরের চৌকাঠ পেরোত না, কলোনিতে তারাই লাঠি হাতে পাহারা দিত উচ্ছেদের বিরুদ্ধে। ভোরবেলায় উনুন ধরিয়ে, ছেলেমেয়েকে স্কুলে পাঠিয়ে তারা যেত মিছিলে, থানা ঘেরাও করতে। নারীরা শরণার্থী আন্দোলনে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেছিলেন। বিজয়গড় কলোনির 'মাতৃসমিতি' বা নেতাজিনগরের মহিলা বাহিনী পুলিশের লাঠির সামনে রুখে দাঁড়িয়েছিল। লক্ষ্য ছিল কেবল একটি মর্যাদাপূর্ণ জীবন ও নাগরিক অধিকার লাভ করা।

প্রথম দিকে সরকার উদ্বাস্তুদের 'অবৈধ দখলদার' বলত। কিন্তু আন্দোলনের চাপে ১৯৫০-এর দশকের শেষে 'কলোনি লিগালাইজেশন' শুরু হয় । জমির নকশা, হোল্ডিং নম্বর, ট্যাক্স— ধাপে ধাপে কলোনিগুলো স্বীকৃতি পায়। যে জলা-জঙ্গল কেউ চাইত না, উদ্বাস্তুরা কোদাল মেরে তাকে বসতযোগ্য করে। এই উদ্বাস্তু আন্দোলনের প্রধান দাবি ছিল সম্মান ও স্বীকৃতি— পুনর্বাসন মানে শুধু ত্রাণ নয়, মর্যাদা।

উদ্বাস্তু অভিজ্ঞতা বাংলা সাহিত্য-সিনেমায় ও নানা ভাবে প্রস্ফুটিত হয়েছে। ঋত্বিক ঘটকের 'মেঘে ঢাকা তারা', 'সুবর্ণরেখা', 'কোমল গান্ধার' ট্রিলজি উদ্বাস্তু জীবনের দলিল। সলিল চৌধুরীর গানে, নবারুণ ভট্টাচার্যের গল্পে, দীপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের উপন্যাসে কাঁটাতারের যন্ত্রণা আছে। ইস্টবেঙ্গল ক্লাব হয়ে ওঠে 'বাঙাল' পরিচয়ের প্রতীক। মোহনবাগান-ইস্টবেঙ্গল ডার্বি শুধু খেলা নয়, দেশভাগের স্মৃতি। পিঠে-পুলি, শুঁটকি মাছ, ঘটি-বাঙাল উচ্চারণ— কলকাতার সংস্কৃতি এই মিশ্রণেই সমৃদ্ধ।

উদ্বাস্তু আন্দোলন পশ্চিমবঙ্গকে শিখিয়েছে— মানুষকে ভিটেমাটি থেকে উপড়ে ফেলা যায়, কিন্তু তার শিকড় উপড়ে ফেলা যায় না। যারা এক কাপড়ে কাঁটাতার পেরিয়েছিল, তারাই ইটের পর ইট গেঁথে শহর বানিয়েছে, স্কুল করেছে, ভোট দিয়েছে, সরকার ফেলেছে। দেশভাগের বেদনা তাদের দমিয়ে দেয়নি। বরং সেই বেদনাই হয়ে উঠেছিল লড়াইয়ের জ্বালানি। আজকের কলকাতা, আজকের পশ্চিমবঙ্গের

রাজনীতি ও সংস্কৃতি বুঝতে হলে উদ্বাস্তু কলোনির গলি দিয়ে হাঁটতেই হবে। কারণ ওই গলিগুলোই বলে দেয়— ঘর হারানো মানুষ কেমন করে নতুন দেশ গড়ে।

দেশভাগ পশ্চিমবঙ্গকে শুধু সীমান্ত দেয়নি, দিয়েছিল লক্ষ লক্ষ ছিন্নমূল মানুষের যন্ত্রণা ও সংগ্রাম। উদ্বাস্তু আন্দোলন প্রমাণ করেছে, রাষ্ট্র যখন ব্যর্থ হয়, মানুষ তখন নিজের হাতেই নিজের ভাগ্য গড়ে। জবরদখল কলোনি থেকে শুরু করে মিছিল-অনশন-ভোটের রাজনীতি— উদ্বাস্তুরা কেবল আশ্রয় চায়নি, চেয়েছিল মর্যাদা ও নাগরিক অধিকার। তাদের লড়াই পশ্চিমবঙ্গের সমাজ, রাজনীতি ও সংস্কৃতিকে নতুন করে গড়েছে। আজকের কলকাতা, আজকের বাংলা সাহিত্য, ফুটবল, এমনকি নির্বাচনের মানচিত্রও দেশভাগের সেই মানুষগুলোর রক্ত-ঘামে তৈরি। ঘর হারানোর বেদনা তাদের থামিয়ে দেয়নি; বরং সেই বেদনাই হয়ে উঠেছিল নতুন দেশ গড়ার শক্তি। উদ্বাস্তু আন্দোলন তাই শুধু ইতিহাস নয়, পশ্চিমবঙ্গের আত্মপরিচয়ের অংশ।

********************

# বহুত্বের মধ্যেও ঐক্য, সম্প্রীতি, মানবিক মূল্যবোধ এবং সংস্কৃতির প্রতি শ্রদ্ধাবোধই পশ্চিমবঙ্গের প্রকৃত শক্তি

মানস দত্ত, শিক্ষাবিজ্ঞান বিভাগ, ছাত্‌না চণ্ডীদাস মহাবিদ্যালয়।

"আমরা যেন বাংলার দেশের
চোখের দুটি তারা।
মাঝখানে নাক উঁচিয়ে আছে—
থাকুক গে পাহারা।
দুয়ারে খিল,
টান দিয়ে তাই
খুলে দিলাম জানলা,
ওপারে যে বাংলাদেশ
এপারেও সেই বাংলা।"

— পারাপার, সুভাষ মুখোপাধ্যায়

কবি সুভাষ মুখোপাধ্যায়ের এই পংক্তিগুলিতে ধরা পড়েছে বাঙালির চিরন্তন আত্মপরিচয় এবং দেশভাগের গভীর বেদনা। রাজনৈতিক সীমারেখা, কাঁটাতারের বেড়া কিংবা রাষ্ট্রীয় বিভাজন বাংলা ভাষা ও সংস্কৃতির একাত্মতাকে কখনও সম্পূর্ণ বিচ্ছিন্ন করতে পারেনি। একই আকাশ, একই নদী, একই মাটির বুক চিরে নির্মিত হয়েছে দুটি রাষ্ট্রের সীমানা, কিন্তু বাঙালির সাংস্কৃতিক ঐক্য আজও অটুট।

১৯৪৭ সালের ২০ জুন অবিভক্ত বাংলার বিধানসভায় অনুষ্ঠিত এক ঐতিহাসিক অধিবেশনে বাংলার ভবিষ্যৎ নির্ধারণের প্রশ্নে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয়। সেই সিদ্ধান্তের ভিত্তিতেই পরবর্তীকালে দেশভাগের মাধ্যমে পশ্চিমবঙ্গ ভারতের অন্তর্ভুক্ত একটি অঙ্গরাজ্য হিসেবে আত্মপ্রকাশ করে। এই ঐতিহাসিক ঘটনাকে স্মরণ করে ২০ জুনকে পশ্চিমবঙ্গ দিবস হিসেবে পালনের প্রস্তাব ও উদ্যোগ গ্রহণ করা হয়েছে। দিনটি কেবল একটি প্রশাসনিক সত্তার জন্মদিন নয়; এটি ইতিহাস, স্মৃতি, সংগ্রাম এবং আত্মপরিচয়েরও দিন।

দেশভাগের ইতিহাসের বয়স প্রায় আট দশক হলেও তার ক্ষত আজও সম্পূর্ণ নিরাময় হয়নি। লক্ষ লক্ষ মানুষ বাস্তুচ্যুত হয়েছেন, ছিন্নমূল হয়েছেন অসংখ্য পরিবার, ভেঙে গেছে বহু সম্পর্কের বন্ধন। সেই যন্ত্রণার স্মৃতি আজও বাঙালির মননে জীবন্ত।

পশ্চিমবঙ্গের গঠন-প্রক্রিয়ায় শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের ভূমিকা বিশেষভাবে উল্লেখযোগ্য। ১৯৪৭ সালে বাংলার ভবিষ্যৎ নিয়ে যখন অনিশ্চয়তা দেখা দেয়, তখন তিনি বাংলার পশ্চিমাঞ্চলকে ভারতের অন্তর্ভুক্ত রাখার দাবিতে সক্রিয় ভূমিকা গ্রহণ করেন। বঙ্গভাগের প্রশ্নে তিনি জনমত গঠন, বিভিন্ন রাজনৈতিক সংগঠন ও বিশিষ্ট ব্যক্তিদের সঙ্গে পরামর্শ এবং সর্বভারতীয় নেতৃত্বের কাছে পশ্চিমবঙ্গের স্বার্থ তুলে ধরার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। ২০ জুন ১৯৪৭-এ বঙ্গীয় আইনসভার ঐতিহাসিক সিদ্ধান্তের পেছনে যে রাজনৈতিক পরিবেশ ও জনমত গড়ে উঠেছিল, তা নির্মাণে তাঁর অবদান বিশেষভাবে স্মরণীয়। এই কারণে পশ্চিমবঙ্গের গঠনের ইতিহাসে শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়কে অন্যতম গুরুত্বপূর্ণ ব্যক্তিত্ব হিসেবে বিবেচনা করা হয়।

পশ্চিমবঙ্গের ইতিহাস নবজাগরণ, স্বাধীনতা আন্দোলন এবং প্রগতিশীল চিন্তার ইতিহাস। আমরা বিনম্রচিত্তে স্মরন করি রাজা রামমোহন রায়, ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়, রবীন্দ্রনাথ ঠাকুর, স্বামী বিবেকানন্দ, নেতাজি সুভাষচন্দ্র বসু এবং অসংখ্য বিপ্লবী ও সমাজসংস্কারক মহা মনিষীদের যাদের আদর্শ বাংলার সমাজজীবনকে সমৃদ্ধ করেছে। তাঁরা যে সংস্কারমুক্ত, আধুনিক, শিক্ষিত ও শোষণমুক্ত সমাজের স্বপ্ন দেখেছিলেন, সেই চেতনাকে নতুন প্রজন্মের কাছে পৌঁছে দেওয়ার দায়িত্ব আমাদের সকলের।

বাংলার লোকসংস্কৃতি ও শিল্পঐতিহ্য পশ্চিমবঙ্গের সাংস্কৃতিক বৈচিত্র্যের অন্যতম প্রধান ভিত্তি। বাংলার বাউলগান, কীর্তন, ভাটিয়ালি, ঝুমুর, টুসু ও ভাদু গান গ্রামীণ জীবনের অনুভূতি, বিশ্বাস এবং সামাজিক চেতনাকে বহন করে চলেছে। পুরুলিয়ার বিশ্বখ্যাত ছৌনৃত্য তার বর্ণময় মুখোশ, নৃত্যভঙ্গি ও পৌরাণিক কাহিনিনির্ভর উপস্থাপনার জন্য আন্তর্জাতিক স্বীকৃতি লাভ করেছে। পুরুলিয়ার চড়িদা গ্রামের মুখোশশিল্প আজও বাংলার লোকশিল্পের এক অনন্য নিদর্শন। বাঁকুড়ার পোড়ামাটির শিল্প, বিশেষত বিষ্ণুপুরের টেরাকোটা মন্দির ও বিখ্যাত বাঁকুড়ার ঘোড়া বাংলার শিল্প-ঐতিহ্যকে সমৃদ্ধ করেছে। নদিয়া, বীরভূম ও পূর্ব বর্ধমান-সহ বিভিন্ন অঞ্চলের হস্তশিল্প গ্রামীণ নারীদের সৃজনশীলতা ও নান্দনিক রুচির পরিচয় বহন করে। এছাড়াও ডোকরা শিল্প, শোলাশিল্প, পটচিত্র, মাদুরশিল্প, শঙ্খশিল্প, কাঠের পুতুল, আলপনা এবং বিভিন্ন লোকউৎসব পশ্চিমবঙ্গের সমৃদ্ধ লোকঐতিহ্যের অবিচ্ছেদ্য অংশ। যুগের পরিবর্তনের মধ্যেও এই সমস্ত শিল্প ও সংস্কৃতি বাংলার মানুষের জীবনযাত্রা, আবেগ, বিশ্বাস ও ঐতিহাসিক স্মৃতিকে ধারণ করে চলেছে এবং পশ্চিমবঙ্গের সাংস্কৃতিক পরিচয়কে দেশ-বিদেশে বিশেষ মর্যাদা প্রদান করেছে।

পশ্চিমবঙ্গ দিবস তাই শুধুমাত্র অতীত স্মরণের অনুষ্ঠান নয়; এটি ভবিষ্যৎ নির্মাণেরও অঙ্গীকার। বহুত্বের মধ্যেও ঐক্য, সম্প্রীতি, মানবিক মূল্যবোধ এবং সংস্কৃতির প্রতি শ্রদ্ধাবোধই পশ্চিমবঙ্গের প্রকৃত

শক্তি। ধর্ম, ভাষা, জাতি কিংবা মতাদর্শের ভিন্নতা সত্ত্বেও পারস্পরিক সহাবস্থান ও সৌহার্দ্যের যে ঐতিহ্য বাংলা বহন করে চলেছে, তা সমগ্র ভারতের কাছেই এক অনন্য উদাহরণ।

পশ্চিমবঙ্গ দিবস উপলক্ষে রাজ্যের বিভিন্ন স্থানে নানা ধরনের কর্মসূচির আয়োজন করা হচ্ছে। সরকারি ও বেসরকারি উদ্যোগে আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান, প্রদর্শনী, সেমিনার, শোভাযাত্রা এবং বিভিন্ন ঐতিহ্যবাহী শিল্পকলার প্রদর্শনের মাধ্যমে এই দিনটি উদ্‌যাপিত হচ্ছে। বিদ্যালয়, মহাবিদ্যালয় এবং বিশ্ববিদ্যালয়গুলিতেও পশ্চিমবঙ্গের ইতিহাস ও সংস্কৃতি সম্পর্কে ছাত্রছাত্রীদের মধ্যে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিশেষ কর্মসূচির আয়োজন করা হচ্ছে। এর ফলে নতুন প্রজন্ম নিজেদের শিকড়, ঐতিহ্য এবং গৌরবময় অতীত সম্পর্কে জানার সুযোগ পায়।

পশ্চিমবঙ্গ দিবস কেবল একটি আনুষ্ঠানিক উৎসব নয়; এটি বাঙালির আত্মপরিচয় ও সাংস্কৃতিক চেতনার প্রতীক। এই দিবস আমাদের মনে করিয়ে দেয় যে বহুত্বের মধ্যেও ঐক্য, সম্প্রীতি, মানবিক মূল্যবোধ এবং সংস্কৃতির প্রতি শ্রদ্ধাবোধই পশ্চিমবঙ্গের প্রকৃত শক্তি। বর্তমান যুগে বিশ্বায়নের প্রভাবে যখন স্থানীয় সংস্কৃতি ও ঐতিহ্য নানা চ্যালেঞ্জের সম্মুখীন, তখন পশ্চিমবঙ্গ দিবস আমাদের নিজস্ব ঐতিহ্য ও সাংস্কৃতিক উত্তরাধিকার সংরক্ষণের গুরুত্ব সম্পর্কে সচেতন করে।

পশ্চিমবঙ্গের সাংস্কৃতিক ও আধ্যাত্মিক ঐতিহ্যের কথা বলতে গেলে শ্রীচৈতন্যদেব এবং শ্রী রামকৃষ্ণ পরমহংসদেবের নাম বিশেষভাবে স্মরণীয়। নবদ্বীপের মাটিতে জন্মগ্রহণকারী শ্রীচৈতন্যদেব প্রেম, ভক্তি, সাম্য এবং মানবমৈত্রীর যে বাণী প্রচার করেছিলেন, তা ধর্ম, জাতি ও সম্প্রদায়ের সংকীর্ণ গণ্ডিকে অতিক্রম করে সমগ্র মানবসমাজকে এক বৃহত্তর ঐক্যের বন্ধনে আবদ্ধ করার আহ্বান জানিয়েছিল। তাঁর নামসংকীর্তনের আন্দোলন মধ্যযুগীয় বাংলার সমাজজীবনে এক নবচেতনার সঞ্চার করেছিল এবং প্রেম ও সহমর্মিতার মাধ্যমে মানুষের মধ্যে বিভেদ দূর করার পথ দেখিয়েছিল।

অপরদিকে, হুগলির কামারপুকুরের এক সাধারণ ব্রাহ্মণ পরিবারে জন্মগ্রহণকারী শ্রী রামকৃষ্ণ পরমহংসদেব তাঁর সরল জীবনযাপন, ঈশ্বরানুরাগ, অকৃত্রিম মানবপ্রেম এবং গভীর আধ্যাত্মিক সাধনার মাধ্যমে উনবিংশ শতকের বাংলার ধর্মীয় ও সামাজিক জীবনে এক নতুন আলোর সঞ্চার করেছিলেন। দক্ষিণেশ্বর কালীমন্দিরে দীর্ঘ সাধনাজীবনের মধ্য দিয়ে তিনি আত্মশুদ্ধি, সত্যনিষ্ঠা, ভক্তি এবং মানুষের প্রতি আন্তরিক ভালোবাসাকে জীবনের প্রধান আদর্শ হিসেবে প্রতিষ্ঠিত করেন। তাঁর সহজ-সরল উপদেশ, গ্রামীণ বাংলার উপমা-সমৃদ্ধ ভাষা এবং সাধারণ মানুষের সঙ্গে নিবিড় সম্পর্ক তাঁকে জনমানসে এক আপন মহাপুরুষে পরিণত করেছিল। তাঁর জীবন আমাদের শিক্ষা দেয় যে আত্মিক উন্নতি, মানবকল্যাণের প্রতি নিষ্ঠা এবং নিষ্কাম কর্মই প্রকৃত জীবনের পথ।

শ্রীচৈতন্যদেব ও শ্রী রামকৃষ্ণের জীবন ও আদর্শ পশ্চিমবঙ্গের বহুত্ববাদী সংস্কৃতি, সম্প্রীতি এবং মানবিক মূল্যবোধকে গভীরভাবে প্রভাবিত করেছে। তাই পশ্চিমবঙ্গ দিবস কেবল একটি ঐতিহাসিক

ঘটনার স্মরণ নয়; এটি বাংলার সেই মহান ঐতিহ্যের উদ্‌যাপন, যার মূলমন্ত্র মানবতা, সহমর্মিতা, উদারতা এবং সাংস্কৃতিক সহাবস্থান। বহুত্বের মধ্যেও ঐক্য, সম্প্রীতি, মানবিক মূল্যবোধ এবং সংস্কৃতির প্রতি শ্রদ্ধাবোধই পশ্চিমবঙ্গের প্রকৃত শক্তি–আর এই শক্তিই পশ্চিমবঙ্গকে ভারতবর্ষ তথা বিশ্বের দরবারে এক স্বতন্ত্র মর্যাদায় প্রতিষ্ঠিত করেছে।

পশ্চিমবঙ্গ দিবস বাঙালির ইতিহাস ও আত্মপরিচয়ের এক গুরুত্বপূর্ণ স্মারক। দেশভাগের বেদনা, স্বাধীনতার সংগ্রাম, নবজাগরণের চেতনা এবং মানবিক মূল্যবোধের সমন্বয়ে গড়ে ওঠা পশ্চিমবঙ্গ আজও বহন করে চলেছে এক উদার, প্রগতিশীল এবং সংস্কৃতিমনস্ক সমাজের স্বপ্ন। কাঁটাতার মানুষকে বিভক্ত করতে পারে, কিন্তু বাংলা ভাষা, সংস্কৃতি এবং মানবিক চেতনার বন্ধনকে কখনও বিচ্ছিন্ন করতে পারে না। এই চেতনাই পশ্চিমবঙ্গ দিবসের মূল বার্তা হয়ে উঠুক।

***********************